

স্মারক নংঃ ২২.০২.১৭৭৪.০০২.১৬.০৭৯.২৩-৬০

তারিখঃ ০৬/০২/২০২৩


নোটিশ

উপজেলা স্থায়ী কমিটির (কৃষি ও সেচ) সকল সম্মানিত সদস্যকে জানানো যাচ্ছে যে, আগামী ১২/০২/২০২৩ ইং রোজ রবিবার সকাল ১০.০০ ঘটিকায় উপজেলা কৃষি অফিসারের অফিস কক্ষে ভাইস চেয়ারম্যান, জনাব মোঃ আমিরুল ইসলামএর সভাপতিত্বে উক্ত কমিটির সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় কমিটির সম্মানিত সকল সদস্যকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আলোচ্যসূচীঃ-

১. চলমান বোরো মৌসুমে ধান ও সরিষা ফসলের সার্বিক পরিস্থিতি নিয়ে আলোচনা।
২. নিরাপদ শাক সবজি চাষ বিষয়ে আলোচনা।
৩. বিবিধ।


৬/২/২৩
উপজেলা কৃষি অফিসার


ও

সদস্য সচিব
উপজেলা স্থায়ী কমিটি (কৃষি ও সেচ)
মনোহরগঞ্জ, কুমিল্লা।

অনুলিপিঃ সদয় অবগতি ও জ্ঞাতার্থেঃ

- ১। চেয়ারম্যান..... (উঃহাওলা, লক্ষণপুর, বিপুলাসার) ইউপি, মনোহরগঞ্জ, কুমিল্লা।
 - ২। জনাব মোঃ শহিদ উল্লাহ, সদস্য, বিশিষ্ট সমাজসেবক, মনোহরগঞ্জ, কুমিল্লা।
 - ৩। জনাব মোঃ ওবায়দ উল্লাহ, সদস্য, বিশিষ্ট সমাজসেবক, মনোহরগঞ্জ, কুমিল্লা।
- সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। জনাব জনাব মোঃ আমিরুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মনোহরগঞ্জ, কুমিল্লা।


৬/২/২৩
উপজেলা কৃষি অফিসার

ও

সদস্য সচিব
উপজেলা স্থায়ী কমিটি (কৃষি ও সেচ)
মনোহরগঞ্জ, কুমিল্লা।

উপজেলা কৃষি ও সেচ কমিটির দ্বি মাসিক সভার কার্য বিবরণী

সভাপতিঃ জনাব জনাব মোঃ আমিরুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মনোহরগঞ্জ, কুমিল্লা।


সভার স্থানঃ উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, মনোহরগঞ্জ, কুমিল্লা।

সভার তারিখ ও সময়ঃ ১২/০২/২০২৩ খ্রি. বেলা ১০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট ক দ্রষ্টব্য।

অদ্য ১২/০২/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১০ ঘটিকায় উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটির সভা উপজেলা জনাব মোঃ আমিরুল ইসলাম এর সভাপতিত্বে উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন করা হয়। পরে কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসারকে আলোচ্য সূচী অনুযায়ী আলোচনা শুরু করার আহবান জানান। তিনি আলোচ্য সূচী অনুযায়ী আলোচনা শুরু করেন এবং আলোচনার বিষয় ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপঃ

ক্র. নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ	মন্তব্য
১	চলমান বোরো মৌসুমে ধান ও সরিষা ফসলের সার্বিক পরিস্থিতি নিয়ে আলোচনা	উপজেলা কৃষি অফিসার সভাকে জানান যে, অত্র উপজেলায় চলমান বোরো মৌসুমে ধান ও সরিষা ফসলের অবস্থা ভালো আছে। ফলন বৃদ্ধির জন্য নিবিড় মাঠ পর্যবেক্ষন প্রয়োজন।	বিস্তারিত আলোচনান্তে অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নের ব্লকওয়ারী উপ সহকারী কৃষি কর্মকর্তাদেরকে নিবিড় মাঠ পর্যবেক্ষনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অফিসার, উপ সহকারী কৃষি কর্মকর্তা।	
২	নিরাপদ শাক সবজি চাষ বিষয়ে আলোচনা	উপজেলা কৃষি অফিসার সভাকে জানান যে, অত্র উপজেলায় জনগনকে বিষমুক্ত শাকসবজি সরবরাহ করার জন্য নিরাপদ সবজী গ্রাম স্থাপন করা প্রয়োজন।	বিস্তারিত আলোচনান্তে উপজেলা নিরাপদ শাক সবজি উৎপাদনের লক্ষ্যে ০২টি নিরাপদ সবজী গ্রাম স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অফিসার, উপ সহকারী কৃষি কর্মকর্তা।	
৩	বিবিধ	ফসল বৃদ্ধির লক্ষ্যে উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কৃষি সেবা আরও বৃদ্ধি করা প্রয়োজন।	বিস্তারিত আলোচনান্তে উপজেলার সকল ইউনিয়নে ফসলের আবাদ বৃদ্ধির লক্ষ্যে ব্লকওয়ারী উপ সহকারী কৃষি কর্মকর্তাগণের মাধ্যমে কৃষককে আরও পরামর্শ জোড়দার করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ সহকারী কৃষি কর্মকর্তা।	

 ১০.০২.২৬

মোঃ আমিরুল ইসলাম

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, মনোহরগঞ্জ, কুমিল্লা

ও

সভাপতি


উপজেলা কৃষি ও সেচ কমিটি

তারিখঃ ১২.০২.২০২৩

স্মারক নং- ১২.০২.১৭৭৪.০০২.১৫.০৭.২৬ - ৪২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মনোহরগঞ্জ, কুমিল্লা।

 ১২.০২.২৩

উপজেলা কৃষি অফিসার
মনোহরগঞ্জ, কুমিল্লা।